



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ৩৩০

তারিখঃ ২৬/১১/১৮খ্রিঃ

বিষয়ঃ বোরহানউদ্দিন উপজেলার মাঠ সংগঠক জনাব সুলতান মাহমুদ এর রুকভুক্ত সমিতির দায়িত্ব পালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটি বর্তমানে বিআরডিবি'র ব্যবস্থাপনায় কর্মসূচি আকারে চলমান রয়েছে। অত্র উপজেলার মাঠ সংগঠক জনাব সুলতান মাহমুদ কর্তৃক অনিয়মতান্ত্রিকভাবে সমিতি গঠন ও ঋণ বিতরণ হওয়ায় ক্রমাগত কিস্তি খেলাপিসহ মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। খেলাপি ঋণের পরিমাণ হ্রাসকল্পে বার বার নির্দেশনা দেয়া সত্ত্বেও খেলাপি ঋণের পরিমাণ না কমে উপরন্তু বৃদ্ধি পাচ্ছে। তাই মাঠ সংগঠক জনাব সুলতান মাহমুদ এর রুকভুক্ত সমিতিসমূহ যাবতীয় হিসাবসহ বুকে নিয়ে তাকে দায়িত্ব পালন থেকে অব্যাহতি প্রদান করা হলো। তাঁর পরিচালিত সমিতিসমূহে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারী সমভাবে দায়িত্ব পালন করবেন। একইসাথে অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণের কারণে ঋণের অর্থ অনাদায়ী থাকলে এবং তাঁর দ্বারা কোন অর্থ হস্তমজুদ /আত্মসাৎ পরিলক্ষিত হলে উক্ত সরকারী অর্থ আদায়ের স্বার্থে তাঁর বিরুদ্ধে তদন্তপূর্বক প্রয়োজনে ফৌজদারী মামলা রজু করার জন্য বলা হলো। উল্লেখ্য, এতদসংক্রান্ত মামলা পরিচালনার যাবতীয় ব্যয় প্রকল্প সদর দপ্তর হইতে প্রদান করা হবে।

  
প্রকৌশলী মোহাম্মদ রাহেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, বোরহানউদ্দিন, ভোলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, ভোলা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বোরহানউদ্দিন, ভোলা।
৭. জনাব সুলতান মাহমুদ, মাঠ সংগঠক, ইরেসপো, বোরহানউদ্দিন, ভোলা।
৮. অফিস নথি/গার্ড ফাইল।